

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.১১০

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭

০২ ডিসেম্বর ২০২০

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৭৪০৭/২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী নিষ্পত্তির বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলাধীন কোট ভাজনী হাজীর হাট শেখ রাসেল উচ্চ বিদ্যালয়ের জনাব মোঃ মোতাহার হোসেন, সহকারী শিক্ষক (কৃষি) পদে চাকুরীরত থাকাবস্থায় প্রধান শিক্ষক জালিয়াতী ও মোটা অংকের উৎকোচ গ্রহণ করিয়া একজন ভূয়া শিক্ষক নিয়োগ দেয়ায় প্রধান শিক্ষক ও ভূয়া শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে গত ১৩/০৯/২০২০ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেন।

আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় জনাব মোঃ মোতাহার হোসেন সচিব মহোদয়কে বিবাদী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৪০৭/২০২০ মামলা দায়ের করেন। এ মামলায় ০৮/১১/২০২০ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

“Accordingly, the respondent No.2 the Secretary, Secondary and Higher Education Division, Ministry of Education, Bangladesh Secretariat, Ramna, Dhaka is directed to dispose of the application dated 13.09.2020 (Annexure-E) to the writ petition submitted before him by the petitioner within a reasonable time from the date of receipt of this order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৭৪০৭/২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলাধীন কোট ভাজনী হাজীর হাট শেখ রাসেল উচ্চ বিদ্যালয়ের জনাব মোঃ মোতাহার হোসেন, সহকারী শিক্ষক (কৃষি)-এর ১৩/০৯/২০২০ তারিখের আবেদনটি (Annexure-E) নিষ্পত্তির লক্ষ্যে আবেদনকারীর আবেদনের বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-১২-২০২০

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৮.২০.১১০/১(৪)

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭

০২ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২-১২-২০২০

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব